

রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ  
রাঙ্গামাটি

স্মারক নং ৩৮.০১.৮৪০০.০০০.১১.০০৫.১৮- ৯৯৩

তারিখ: ০৫ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ  
২০ সেপ্টেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদে হস্তান্তরিত প্রাথমিক শিক্ষা বিভাগের আওতাধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে রাজস্বখাতভুক্ত, জাতীয়করণকৃত রাজস্বখাতভুক্ত, ১৫০০ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের রাজস্বখাতভুক্ত ও তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি-৩) এর আওতায় প্রাক-প্রাথমিক শিক্ষার জন্য সৃষ্ট “সহকারি শিক্ষক” এর শূন্যপদে অস্থায়ীভাবে নিম্নবর্ণিত বেতনক্ষেত্র নিয়োগের জন্য রাঙ্গামাটি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে নিম্নে উল্লিখিত নির্দেশনা অনুযায়ী দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	বেতনক্রম	বয়স	শিক্ষাগত যোগ্যতা	যে উপজেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
০১	সহকারি শিক্ষক (রাজস্ব)	সদর-০২ কাউখালী-০৪ নানিয়ারচর-০২ বরকল-১৫ জুরাছড়ি-০৪ লংগদু-১০ বাঘাইছড়ি-১৩ কাগুই-০৬ রাজস্থলী-০৪ বিলাইছড়ি-০৩ সর্বমোট- ৬৩ টি	(ক) প্রশিক্ষণপ্রাপ্ত: বেতনক্ষেত্র: টাকা ১০২০০- ২৪৬৮০/- (গ্রেড-১৪) (জাতীয় বেতনক্ষেত্র ২০১৫ অনুযায়ী) (খ) প্রশিক্ষণবিহীন: বেতনক্ষেত্র: টাকা ৯৭০০- ২৩৪৯০/- (গ্রেড-১৫) (জাতীয় বেতনক্ষেত্র ২০১৫ অনুযায়ী)	২৩ সেপ্টেম্বর ২০১৮ তারিখে ১৮ থেকে ৪০ বৎসর (মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার বয়সের উর্দ্ধসীমা ৪২ বৎসর এবং মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার সন্তানদের (মুক্তিযোদ্ধার নাতি-নাতনী) বয়সের উর্দ্ধসীমা ৪০ বৎসর)	পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে: কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রী। মহিলা প্রার্থীদের ক্ষেত্রে: উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/সমমানের জিপিএসহ উত্তীর্ণ অথবা স্নাতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	রাঙ্গামাটি জেলার সকল উপজেলা
০২	সহকারি শিক্ষক (প্রাক-প্রাথমিক)	কাউখালী-০৪ নানিয়ারচর-১১ বরকল-১৮ জুরাছড়ি-০৭ লংগদু-০১ বাঘাইছড়ি-১৩ রাজস্থলী-০৪ বিলাইছড়ি-০৩ মোট: ৬১ টি	ঐ	ঐ	ঐ	সদর ও কাগুই উপজেলা ব্যতিত রাঙ্গামাটি জেলার সকল উপজেলা

আবেদনকারীগণের জন্য প্রযোজ্য/অনুসরণীয় শর্তাবলী:

০১। আবেদনকারীকে নির্ধারিত আবেদন ফরম প্রবেশপত্রের নমুনা ফরম পূরণ করতঃ আগামী ২২ অক্টোবর ২০১৮ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের রক্ষিত বক্সে আবেদন জমা দিতে হবে। চেয়ারম্যান, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ বরাবর ডাকযোগেও আবেদনপত্র প্রেরণ করা যাবে। নির্ধারিত সময় ও তারিখের পর সরাসরি বা ডাকযোগে প্রেরিত কোন দরখাস্ত গ্রহণ করা হবে না।

০২। আবেদনকারীকে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে এবং প্রদত্ত প্রবেশপত্রের নমুনা ফরম যথাযথভাবে পূরণপূর্বক আবেদনপত্রের সাথে আলাদা কাগজে সংযুক্ত করতে হবে। নির্ধারিত “চাকরির আবেদন ফরম” ও “প্রবেশপত্রের ফরম” রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের ওয়েবসাইট [www.rhdcdb.org](http://www.rhdcdb.org), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর ওয়েবসাইট [www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd), এবং জেলা প্রাথমিক শিক্ষা অফিস, রাঙ্গামাটি এর ওয়েব পোর্টাল [www.dpe.rangamati.gov.bd](http://www.dpe.rangamati.gov.bd), থেকে

ডাউনলোড করা যাবে। এছাড়া জেলা প্রাথমিক শিক্ষা অফিস, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং উপজেলা শিক্ষা অফিস হতেও সংগ্রহ করা যাবে।

০৩। আবেদনকারীকে “চেয়ারম্যান, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ” এর অনুকূলে সরকার অনুমোদিত যে কোন ব্যাংক হতে ৩০০/= (তিনশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরৎযোগ্য) আবেদনের সাথে জমা দিতে হবে। কোন প্রকার পোস্টাল অর্ডার গ্রহণ করা হবে না।

০৪। আবেদনপত্রের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন ছবি (১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত) সংযুক্ত করে জমা দিতে হবে।

০৫। আবেদন ফরম, প্রবেশপত্রের ফরম, ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এবং ০৩ কপি ছবি ছাড়া অন্য কোন কাগজপত্র প্রেরণের প্রয়োজন নাই। প্রার্থী লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য নিম্নেউল্লিখিত প্রয়োজনীয় সকল সনদ/প্রত্যয়ণ/তথ্য/কাগজপত্রাদির ০১ (এক) সেট প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়নসহ সকল মূল সনদ/কাগজপত্রের কপি রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদে জমা দিতে হবে। সত্যায়ন কর্মকর্তার স্বাক্ষরের নীচে নাম ও সীল থাকতে হবে।

ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র।

খ) লিখিত পরীক্ষার প্রবেশপত্রের সত্যায়িত কপি।

গ) পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি রঙিন ছবি।

ঘ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

ঙ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

চ) স্থায়ী বাসিন্দার সনদপত্র (সংশ্লিষ্ট মৌজার হেডম্যান বা ইউপি চেয়ারম্যান বা ক্ষেত্রমতে পৌরসভার মেয়র/চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদ যাহা সার্কেল চীফ/জেলা প্রশাসক কর্তৃক প্রতিস্বাক্ষরিত অথবা সার্কেল চীফ/জেলা প্রশাসক কর্তৃক সরাসরি প্রদত্ত সনদ)

ছ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীর ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসারে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সন্তানের পিতা/মাতা অথবা পিতা/মাতার পিতা/মাতা এর মুক্তিযোদ্ধা সনদপত্র।

জ) প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

ঝ) প্রার্থী নিজের, পিতা এবং মাতার জাতীয় পরিচয়পত্র।

ঞ) প্রার্থীর পিতা ও মাতার এসএসসি সনদ (যদি থাকে)।

ট) “পোষ্য” প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসার কর্তৃক বিজ্ঞপ্তি জারির তারিখ হতে আবেদন দাখিলের শেষ তারিখের মধ্যে প্রদত্ত মূল পোষ্য সনদপত্র।

০৬। লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশের পর প্রয়োজনীয় সনদ/প্রত্যয়ণ এবং অন্যান্য কাগজপত্রাদি দাখিলের জন্য নির্ধারিত তারিখ ও সময় জেলা পরিষদের নোটিশ বোর্ড/জেলা পরিষদের ওয়েবসাইট [www.rhdcbd.org](http://www.rhdcbd.org) এবং জেলা প্রাথমিক শিক্ষা অফিস, রাঙ্গামাটি এর ওয়েব পোর্টাল [www.dpe.rangamati.gov.bd](http://www.dpe.rangamati.gov.bd) এ জানিয়ে দেয়া হবে।

০৭। সরকারি চাকরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৮। প্রাথমিক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র যোগ্য প্রার্থীদের লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনকারীর বর্তমান (আবেদনে উল্লেখিত পত্র যোগাযোগের) ঠিকানায় “ইন্টারভিউ কার্ড” প্রেরণ করা হবে।

০৯। খামের উপর বামদিকে পদের নাম ও স্থায়ী ঠিকানাভিত্তিক প্রার্থীর উপজেলার নাম উল্লেখ করতে হবে। পাশাপাশি কোটা থাকলে সেই কোটার নামও ডানদিকে উপরে উল্লেখ করতে হবে।

১০। বয়সের নিরূপনের ক্ষেত্রে এফিডেভিট কোন ক্রমেই গ্রহণযোগ্য নহে।

১১। যোগ্যতা পূরণ সাপেক্ষে সরকার নির্দেশিত মেধা কোটা, উপজাতীয়, অউপজাতীয়, পোষ্যকোটাসহ সকল ধরনের কোটা অনুসরণ পূর্বক নিয়োগ দেয়া হবে।

১২। দরখাস্তকারী যে উপজেলার স্থায়ী বাসিন্দা তার প্রার্থীতা উক্ত উপজেলার জন্য বা অনুকূলে নির্ধারিত থাকবে এবং তার নিয়োগ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম তদনুযায়ী নিয়ন্ত্রিত হবে।

১৩। বিবাহিতা মহিলা প্রার্থীগণ দরখাস্ত তাদের স্বামী বা পিতার স্থায়ী ঠিকানায় আবেদন করতে পারবেন।

১৪। কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে প্রকাশিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

১৫। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।

১৬। অসত্য/ভুল তথ্য সংবলিত/ক্রটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত/প্রদত্ত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে যে কোন পর্যায়ে বা নিয়োগপ্রাপ্তির পরেও অসত্য/ভুল প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ বাতিল করা হবে এবং মিথ্যা/ভুল তথ্য সরবরাহ করার জন্য তার বিরুদ্ধে আইনগত/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৭। লিখিত পরীক্ষার ফলাফল রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসের নোটিশ বোর্ড/জেলা পরিষদের ওয়েবসাইট [www.rhdcbd.org](http://www.rhdcbd.org) এবং জেলা প্রাথমিক শিক্ষা অফিস, রাঙ্গামাটি এর ওয়েব পোর্টাল [www.dpe.rangamati.gov.bd](http://www.dpe.rangamati.gov.bd) এ প্রকাশ করা হবে।

১৮। নিয়োগকৃত প্রাক-প্রাথমিক শিক্ষকগণের বেতন ভাতা বাবদ ব্যয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী (পিইডিপি-৪) চলাকালীন ইহার অনুকূলে বরাদ্দকৃত অর্থ হইতে নির্বাহ করা হবে এবং কর্মসূচী শেষ হওয়ার পর প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের রাজস্ব বাজেটের সংশ্লিষ্ট বরাদ্দ হতে নির্বাহ করা হবে।

১৯। প্রার্থী বাছাই ও নিয়োগের ক্ষেত্রে রাজ্যমাটি পার্বত্য জেলা পরিষদের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

স্বাক্ষরিত/- ২০.০৯.১৮

(বৃষ কেতু চাকমা)

চেয়ারম্যান

রাজ্যমাটি পার্বত্য জেলা পরিষদ

স্মারক নং ৩৮.০১.৮৪০০.০০০.১১.০০৫.১৮- ৯৯৩ (৬৬)

তারিখ: ২০ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ  
২০ সেপ্টেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. মাননীয় চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাজ্যমাটি পার্বত্য জেলা।
০২. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. মাননীয় চেয়ারম্যান, রাজ্যমাটি/খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলা পরিষদ, রাজ্যমাটি পার্বত্য জেলা।
০৫. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা- ১২১৬।
০৬. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৭. জেলা প্রশাসক, রাজ্যমাটি পার্বত্য জেলা।
০৮. পুলিশ সুপার, রাজ্যমাটি পার্বত্য জেলা।
০৯. মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাজ্যমাটি পার্বত্য জেলা।
১০. মুখ্য নির্বাহী কর্মকর্তা, রাজ্যমাটি পার্বত্য জেলা পরিষদ, রাজ্যমাটি পার্বত্য জেলা।
১১. মেয়র, রাজ্যমাটি পৌরসভা, রাজ্যমাটি পার্বত্য জেলা।
১২. জনাব .....সম্মানিত সদস্য (সকল), রাজ্যমাটি পার্বত্য জেলা পরিষদ, রাজ্যমাটি পার্বত্য জেলা।
১৩. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
১৪. সিভিল সার্জন, রাজ্যমাটি পার্বত্য জেলা।
১৫. নির্বাহী কর্মকর্তা, রাজ্যমাটি পার্বত্য জেলা পরিষদ, রাজ্যমাটি পার্বত্য জেলা।
১৬. নির্বাহী প্রকৌশলী, রাজ্যমাটি পার্বত্য জেলা পরিষদ।
১৭. উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল), উপজেলা: ..... জেলা: রাজ্যমাটি পার্বত্য জেলা।
১৮. জেলা শিক্ষা অফিসার, রাজ্যমাটি পার্বত্য জেলা।
১৯. জেলা/উপজেলা হিসাবরক্ষণ অফিসার, উপজেলা: ..... জেলা: রাজ্যমাটি পার্বত্য জেলা।
২০. উপজেলা শিক্ষা অফিসার (সকল), উপজেলা: ..... জেলা: রাজ্যমাটি পার্বত্য জেলা।
২১. সম্পাদক, দৈনিক গিরিদর্পন/দৈনিক জনকণ্ঠ/দৈনিক যুগান্তর উপরোক্ত বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় আগামী ২৩ সেপ্টেম্বর ২০১৮ তারিখের মধ্যে স্বল্পপরিসরে একদিন প্রকাশপূর্বক ২ কপি পত্রিকা নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
২২. নোটিশ বোর্ড, রাজ্যমাটি পার্বত্য জেলা পরিষদ, রাজ্যমাটি।
২৩. অফিস নথি, রাজ্যমাটি পার্বত্য জেলা পরিষদ, রাজ্যমাটি।
২৪. সংরক্ষণ নথি, এ অফিস।

স্বাক্ষরিত/- ২০.০৯.১৮

(মোঃ খোরশেদ আলম)

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (চ. দা)

রাজ্যমাটি পার্বত্য জেলা

ফোন: ০৩৫১-৬২২৪৩

ই-মেইল: dpeoranga@gmail.com